



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা ভূমি অফিস

ফরিদপুর, পাবনা

www.acl.faridpur.pabna.gov.bd

স্মারক নং-৩১.৪৩.৭৬৭২.০০০.৪১.০০৩.২৬. ০০৪

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৬ খ্রি.

‘অর্পিত সম্পত্তি পুকুরের খাস আদায়ের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি’

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ফরিদপুর উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত অর্পিত তালিকাভুক্ত পুকুর বাংলা ১৪৩৩ সনের ০১ (এক) বৎসর মেয়াদে সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর, পাবনা এর কার্যালয় হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখ বেলা ১১.৩০ ঘটিকার সময় প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। আশ্রয়ী ব্যক্তিগণকে আগামী ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখ বেলা ১১.৩০ ঘটিকার মধ্যে সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর পাবনা এর কার্যালয়ে উপস্থিত হয়ে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ঃ তফসীল সম্পত্তির বিবরণ নিম্নরূপ ঃ

ইউনিয়ন-হাদল, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনা।

ক্রঃ নং	ভিপি কেস নম্বর	মৌজার নাম	খতিয়ান নম্বর এস.এ/আর.এস	দাগ নম্বর এস.এ/আর.এস	জমির পরিমাণ	শ্রেণী	গত বারের ইজারা মূল্য	মন্তব্য
০১	০৩(ফরিদ)/১৯৬৯-৭০ মৌদ ভিপি পুকুর-০১	মৌদ/৩৪	২৭/৩	৭৯৮/১২৬৮	০১.১২ একর	পুকুর	২৫,৫২৬/-	ভি.পি. পুকুর
০২	০৩(ফরিদ)/১৯৬৯-৭০ মৌদ ভিপি পুকুর-০২	মৌদ/৩৪	২৭/৩ ও ৬৩২	৭৮৭/১২৭০	০১.০৩ একর	পুকুর	৫৬,৭৯৫/-	ভি.পি. পুকুর

শর্তসমূহঃ

- ০১। প্রতিটি পুকুরের জন্য পৃথকভাবে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
- ০২। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে প্রত্যেক ডাককারীকে সরকারি মূল্যের ২০% টাকা জামানত (বি.ডি) হিসেবে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ০৩। প্রতিটি ভি.পি. পুকুরের গত বারের ইজারা মূল্যের চেয়ে কমপক্ষে ৫% বৃদ্ধি করে প্রাপ্ত মূল্যই সংশ্লিষ্ট ভি.পি. পুকুরের সর্বনিম্ন সরকারী নিলাম ডাকমূল্য হিসেবে গণ্য হবে।
- ০৪। ডাককারী কর্তৃপক্ষ কর্তৃক সর্বোচ্চ ডাককারীর ডাক গৃহীত হলে ডাকের সমুদয় অর্থ (১৫% ভ্যাট ও ১০% আয়করসহ) সাথে সাথে ডাক টেবিলে জমা প্রদান করতে হবে অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ০৫। সর্বোচ্চ ডাককারী নিলাম ডাকে অংশগ্রহণ করে পরে তা প্রত্যাহার করলে সেক্ষেত্রে তার জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ০৫। ডাককারী কর্তৃপক্ষ যে কোন কারণে তালিকা সংযোজন/বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৬। ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ডাক বাতিল/স্থগিত/ডাকের পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৭। কর্তৃপক্ষ কর্তৃক ডাক চূড়ান্ত অনুমোদিত হলে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে পুকুরের দখল বুঝিয়ে দেয়া হবে।
- ০৮। ইজারাকৃত পুকুরটিতে শুধুমাত্র মৎস চাষ করা যাবে এবং পুকুরের কোন শ্রেণী পরিবর্তন করা যাবে না এবং সাব লীজ প্রদান করা যাবে না।

- ০৯। ইজারাকৃত পুকুরের পাড়ের গাছ কাটা/পানি শুকিয়ে ফেলা/পানিতে কিটনাশক প্রয়োগ করা যাবে না।
- ১০। বছরের যে কোন সময় প্রদত্ত ইজারা উক্ত বছরের ১লা বৈশাখ হতে কার্যকর হবে।
- ১১। যে কোন শর্ত ভঙ্গ করলে ডাক/ইজারা বাতিল বলে গণ্য হবে।।

স্বাক্ষর
০২/০৬/২০২৬

(মাহমুদা সুলতানা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহবায়ক
উপজেলা জলমহাল খাস আদায় ব্যবস্থাপনা কমিটি
ফরিদপুর, পাবনা

অনুশিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, পাবনা।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা।

অনুশিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ০৪। চেয়ারম্যান, হাদল, ফরিদপুর, পাবনা।
- ০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, হাদল, ফরিদপুর, পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয়ভাবে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নোটিশ বোর্ড/অফিস কপি।